# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

**কুমিল্লা-৩৫০৬**

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd


স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৩৭৬ তারিখ: ২৭/০৯/২০২৩ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

## কুবির স্পোর্টস কমপ্লেক্সের উদ্বোধন

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) খেলোয়াড়দের জন্য নব-নির্মিত স্পোর্টস কমপ্লেক্সের উদ্বোধন করেছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন। বুধবার (২৭ সেপ্টেম্বর) বিকাল ৪ টায় লাল ফিতা কেটে স্পোর্টস কমপ্লেক্সটির উদ্বোধন করেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: আসাদুজ্জামান, ব্যবস্থাপনা শিক্ষা বিভাগের সহকারী অধ্যাপক ও প্রক্টর (ভারপ্রাপ্ত) কাজী ওমর সিদ্দিকী, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহকারী অধ্যাপক কাজী এম. আনিছুল ইসলাম, নৃবিজ্ঞান বিভাগের সভাপতি অধ্যাপক মোহাম্মদ আইনুল হক, প্রত্নতত্ত্ব বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ সোহরাব উদ্দীন, গণিত বিভাগের সহযোগী অধ্যাপক জিল্লুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ইঞ্জিনিয়ার এস.এম. শহিদুল হাসান, শারীরিক শিক্ষা কার্যালয়ের উপ-পরিচালক মনিরুল আলমসহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ।

মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মঈন বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে প্রথম স্পোর্টস কমপ্লেক্স তৈরি হওয়ার কারণে আমাদের বিশ্ববিদ্যালয় এখন আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান করার সক্ষমতা অর্জন করল। এই ধরনের প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আমাদের শিক্ষার্থীদের সক্ষমতা এবং আত্মবিশ্বাস তৈরি হবে এবং ক্রীড়া কার্যক্রমে তাদের নেতৃত্ব প্রদর্শনে সহায়ক হবে। এছাড়াও তিনি এ বছরেই খেলার মাঠে গ্যালারী তৈরির পাশাপাশি ভলিবল মাঠ, হ্যান্ডবল মাঠ ও ব্যাডমিন্টন মাঠ করা হবে বলে জানান। এই সমস্ত সুবিধা বিশ্ববিদ্যালয়ে ১৭ বছর না থাকার কারণে আমাদের শিক্ষার্থীরা খেলাধুলায় পিছিয়ে ছিল যা দূর হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

(মোহাম্মদ এমদাদুল হক)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০২. পিএ টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) কু.বি.।
০৪. সংশ্লিষ্ট নথি।